**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২০ মার্চ ২০১৬, ৬ চৈত্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শক্তিশালী অর্থনীতি গড়ার ক্ষমতা আমাদের রয়েছে : প্রধানমন্ত্রী
২। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ হলে বিপুল অর্থ সাশ্রয় হবে: ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী
৩। বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নরের প্রথম অফিস এবং তদন্ত কমিটির কাজ শুরু আজ : সুইফট প্রতিনিধি দল কাজ করছেন বাংলাদেশ ব্যাংকে
৪। আদালত অবমাননার অভিযোগে দুই মন্ত্রী আজ আদালতে হাজির হচ্ছেন
৫। মঙ্গলবার ১ম ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচন : আজ মধ্যরাতে প্রচার-প্রচারণা শেষ হচ্ছে
৬। আজ দশ পৌরসভায় ভোটগ্রহণ
৭। বিএনপির কাউন্সিলের উদ্বোধনীতে ভিশন ২০৩০-এর রূপরেখা ঘোষণা
৮। শুভেচ্ছার নিদর্শনস্বরূপ ভারত থেকে এল ২২শ টন ডিজেল
৯। রাজধানীর বনানীতে গ্যাস বিস্ফোরণের ঘটনায় তিতাসের দুই কর্মচারী সাসপেন্ড : তদন্ত কমিটি গঠন
১০। সুন্দরবনের শ্যালা নদীতে এবার কয়লাবাহী কার্গোডুবি

চলমান পাতা/২

১। **শক্তিশালী অর্থনীতি গড়ার ক্ষমতা আমাদের রয়েছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিশ্বের বুকে একটি শক্তিশালী ও গতিশীল অর্থনীতি হিসাবে জেগে ওঠার সকল সহায়ক পরিবেশ ও ক্ষমতা আমাদের রয়েছে। আমাদের লক্ষ্য সুবিধা ও দারিদ্র্যমুক্ত, শান্তিময় উন্নয়ন সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ নৌবাহিনীতে বহু কাঙ্ক্ষিত দুটি সাবমেরিন অন্তর্ভুক্তির মাধ্যমে এটি ত্রি-মাত্রিক বাহিনীতে পরিণত হবে। নারায়নগঞ্জ ডকইয়ার্ডে সাবমেরিনের জন্য প্লাটফরম তৈরি হচ্ছে। এছাড়া চট্টগ্রাম ড্রাইডকে যুদ্ধ জাহাজ নির্মাণের পরিকল্পনা রয়েছে। গতকাল **১৯** মার্চ শনিবার বাংলাদেশ নৌবাহিনীর বহরে সংযোজিত তিনটি জাহাজের কমিশনিং অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। তিনি চট্টগ্রামের নেভাল বার্থে নতুন তিনটি যুদ্ধ জাহাজ সমুদ্র অভিযান, স্বাধীনতা ও প্রত্যয়-এর কমিশনিং করেন এবং জাহাজের অধিনায়কদের হাতে কমিশনিং ফরমান তুলে দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকন্ঠ,** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষপৃ.,ক.২), **ইনকিলাব** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**ইত্তেফাক, সংবাদ, সমকাল, যায়যায়দিন, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, অবজারভার, নিউজ টুডে, ফিনানশিয়াল এক্সপ্রেস, বাংলাদেশ টুডে, এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।**

২। **বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ হলে বিপুল অর্থ সাশ্রয় হবে : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, ২০১৭ সালের ১৬ ডিসেম্বর বঙ্গবন্ধু স্যাটেলাইন উৎক্ষেপণ করা হবে। এতে বিপুল পরিমাণ বৈদেশিক অর্থ সাশ্রয় হবে। এ লক্ষ্যে সার্বিক প্রস্তুতি এগিয়ে চলছে। বঙ্গবন্ধু স্যাটেলাইটের জন্য গাজীপুর ও বেতবুনিয়ায় দুটি গ্রাউন্ড স্টেশন নির্মাণ করা হচ্ছে। আমরা সমুদ্র জয় করেছি এবার আকাশ জয় করার অপেক্ষায় আছি। তিনি গতকাল **১৯** মার্চ শনিবার গাজীপুরে মহানগরীর তেলিপাড়া এলাকায় টেলিকমিউনিকেশনস্ স্টাফ কলেজ এলাকায় বঙ্গবন্ধু স্যাটেলাইট গ্রাউন্ড স্টেশন নির্মাণের স্থান পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ,১৬ ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষপৃ.,ক.৬)।

৩। **বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নরের প্রথম অফিস এবং তদন্ত কমিটির কাজ শুরু আজ**
**: সুইফট প্রতিনিধি দল কাজ করছেন বাংলাদেশ ব্যাংকে**

বাংলাদেশ ব্যাংকের নবনিযুক্ত গভর্নর ফললে কবির আজ ২০ মার্চ রোববার আনুষ্ঠানিকভাবে যোগদান করবেন। এদিকে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির তদন্তে তিন সদস্যর কমিটি করা হলেও এখনও আনুষ্ঠানিকভাবে কাজ শুরু হয়নি। ওই কমিটিও আজ কাজ শুরু করবেন বলে জানা গেছে। এছাড়া রিজার্ভের টাকা চুরির ঘটনা তদন্তে সিস্টেম পরীক্ষা-নিরীক্ষার জন্য সোসাইটি ফর ওয়ার্ল্ডওয়াইড ইন্টারব্যাংক ফাইন্যান্সিয়াল টেলিকমিউনিকেশন প্রতিনিধি দল ঢাকায় কাজ করছে। অপরদিকে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায় আরসিবিসি ব্যাংকের শাখা ব্যবস্থাপক মায়া সান্তোস দেগুইতো এবং তার সহকারীর বিরুদ্ধে স্বাক্ষর জাল করে অ্যাকাউন্ট খোলার অভিযোগে মামলা করেছেন উইলিয়াম গো নামে এক ব্যবসায়ী। গতকাল **১৯** মার্চ শনিবার এ মামলা করা হয় বলে জানা গেছে। বাংলাদেশ ব্যাংক সূত্রে জানা গেছে, নব নিযুক্ত গভর্নর সাবেক অর্থসচিব ফললে কবির আজ প্রথম বাংলাদেশ ব্যাংকে যোগদান করবেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

৪। **আদালত অবমাননার অভিযোগে দুই মন্ত্রী আজ আদালতে হাজির হচ্ছেন**

একাত্তরে মানবতাবিরোধী অপরাধের দায়ে ফাঁসির দণ্ডাদেশপ্রাপ্ত জামায়াত নেতা মীর কাসেম আলী ফাঁসির আপিলের রায় ঘোষণার আগেই অবমাননাকর মন্তবের ব্যাখ্যা দিতে আজ **১৯** মার্চ রোববার খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম ও মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী আ ক ম মোজাম্মেল হক আদালতে হাজির হচ্ছেন। একজন মন্ত্রীর সময়ের আবেদনের পরিপ্রেক্ষিতে গত মঙ্গলবার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বে নয় সদস্যের আপিল বিভাগের ফুল কোর্ট তাদের দু’জনকেই ২০ মার্চ আদালতে হাজিরের নির্দেশ দেন। সে মোতাবেক আজ সকাল

৯টায় তারা আদালতে হাজির হবেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **যুগান্তর** (পৃ.৭,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.ক.৪)।



**৫। মঙ্গলবার ১ম ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচন : আজ মধ্যরাতে প্রচার-প্রচারণা শেষ হচ্ছে**

প্রথম ধাপে দেশের ইউনিয়ন পরিষদে ভোট হবে আগামী ২২ মার্চ মঙ্গলবার। এ উপলক্ষে এসব উপজেলাগুলোতে বইছে উৎসবের আমেজ। আবার নির্বাচন উপলক্ষে সবধরণের প্রচার-প্রচারণা বন্ধ হচ্ছে আজ রাত ১২টা থেকে। সেই সঙ্গে নির্বাচনী এলাকায় মোটরসাইকেল চালানোর ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। তবে নির্বাচন সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিকদের পরিচয় পত্র থাকতে হবে। নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কিছু জরুরি সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কাজে ব্যবহারের জন্য যানবাহণের চলাচলের ক্ষেত্রে নিষেধাজ্ঞা থাকবে না। আজই নামছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**৬। আজ দশ পৌরসভায় ভোটগ্রহণ**

আজ ২০ মার্চ রোববার সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে ১০টি পৌরসভার ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে এসব উপজেলার কেন্দ্রে কেন্দ্রে পৌঁছে গেছে ভোটের উপকরণ। মাঠেও নেমেছেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীরর সদস্যরা। গতকাল ১৯ মার্চ শনিবার নির্বাচন কমিশনের দেওয়া তথ্যমতে, ব্রাহ্মণবাড়ীয়া, কবিরহাট, সোনাগাজী, চকরিয়া, মহেশখালী, হারাগাছা, কালীগঞ্জ, ঝালকাঠি, ভাঙ্গা ও লাঙ্গলকোট পৌরসভার ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। সূত্রঃ **ভোরের কাগজ** (শেষপৃ.ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫), **অবজারভার**(শেষ পৃ.ক.৬)।

**৭। বিএনপির কাউন্সিলের উদ্বোধনীতে ভিশন ২০৩০-এর রূপরেখা ঘোষণা**

সুনীতি, সুশাসন ও সু-সরকারের সমন্বয়ে সমৃদ্ধ দেশ ও আলোকিত সমাজ গড়ার অঙ্গীকার করলেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। এ লক্ষে তিনি ভিশন-২০৩০ এর রূপরেখা তুলে ধরেন। একই সঙ্গে তিনি বলেন, প্রধানমন্ত্রীর নির্বাহী ক্ষমতায় ভারসাম্য আনা হবে। এ জন্য দেশের চিন্তাবিদ, বুদ্ধিজীবী, পরিকল্পনাবিদ, গবেষক এবং বিভিন্ন শ্রেণি-পেশার কর্মরত শীর্ষস্থানীয় ও বিশিষ্ট ব্যক্তিবর্গকে এ প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট করা হয়েছে বলে জানান তিনি। গতকাল ১৯ মার্চ রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন চত্বরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের পর বেলুন উড়িয়ে কাউন্সিল উদ্বোধন করেন খালেদা জিয়া সূত্র-**সংবাদ, প্রথম আলো, সংবাদ, সমকাল, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডেসহ** অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮। শুভেচ্ছার নিদর্শনস্বরূপ ভারত থেকে এল ২২শ টন ডিজেল**

প্রধানমন্ত্রীর জ্বালানিবিষয়ক উপদেষ্টা তৌফিক-ই-ইলাহী চৌধুরী বীরবিক্রম বলেছেন, দেশের উত্তরাঞ্চলের ডিজেলের চাহিদা পূরণের লক্ষ্যে ভারতের নুমালীগড় রিফাইনারি লিমিটেড থেকে শুভেচ্ছার নির্দশনস্বরূপ রেলপথে পাঠানো ২ হাজার ২০০ টন ডিজেল পাবর্তীপুরে গ্রহণ করা হয়েছে। আগামী দিনে ২ দেশের মধ্যে আলোচনা করে পাইপলাইনের মাধ্যমে ভারত থেকে এ দেশে তেল সরবরাহ অব্যাহত রাখা হবে। গতকাল শনিবার ১৯ মার্চ দিনাজপুরের পাবর্তীপুর ডিজেল ডিপোতে শুভেচ্ছাস্বরূপ ভারত থেকে রেলপথে ওয়াগানের মাধ্যমে প্রেরিত ২ হাজার ২০০টন ডিজেল গ্রহণ অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রীর জ্বালানিবিষয়ক উপদেষ্টা তৌফিক-ই-ইলাহী চৌধুরী বীরবিক্রম এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ.ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

**৯। রাজধানীর বনানীতে গ্যাস বিস্ফোরণের ঘটনায় তিতাসের দুই কর্মচারী সাসপেন্ড : তদন্ত কমিটি গঠন**

রাজধানীর বনানীতে গ্যাস বিস্ফোরণে ক্ষতিগ্রস্ত ভবনটিকে ঝুঁকিপূর্ণ ও বসবাসের জন্য সাময়িকভাবে অযোগ্য ঘোষণা করেছে বুয়েটের বিশেষজ্ঞ দল। পেট্রোবাংলা গতকাল **১৯** মার্চ শনিবার এই ঘটনা তদন্তে ৪ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে। এছাড়া দায়িত্বে অবহেলার অভিযোগে তিতাসের ২ কর্মচারীকে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বনানীর ২৩ নম্বর সড়কের ৯ নম্বর বাড়িতে গত বৃহস্পতিবার গভীর রাতে গ্যাস বিস্ফোরণের পর আগুন লাগে, এতে ভবনের ব্যাপক ক্ষতি হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** ( শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

=৪=

**১০। সুন্দরবনের শ্যালা নদীতে এবার কয়লাবাহী কার্গোডুবি**

সুন্দববনের অভ্যন্তরে শ্যালা নদীতে এবার কয়লাবাহী একটি কার্গো জাহাজ ডুবে গেছে। গতকাল **১৯** মার্চ শনিবার সুন্দরবন পূর্ব বন বিভাগের চাঁদপাই রেঞ্জের শ্যালা নদীতে হরিণাটানা ও তাম্বুলবুনিয়া এলাকায় মধ্যবর্তী স্থানে এমভি সি হর্স-**১** নামে কোষ্টারটি তলা ফেটে ডুবে যায়।

সুন্দরবন পূর্ব বন বিভাগের বিভাগীয় কর্মকর্তা সাইদুল ইসলাম জানান শ্যালা নদীতে ওই এলাকায় একটি ডুবন্ত জলযানের মাস্তুলের সঙ্গে ধাক্কা লেগে তলা ফেটে সি হর্স-**১** কার্গোটি ডুবে যায়। জাহাজের **১৪** স্টাফ নিরাপদে উদ্ধার হয়েছেন বলে জানা গেছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১), **ডেইলি স্টার** ( শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**সম্পাদকীয়**

**ক. প্রথম আলো :** ২২ মার্চ প্রথম দফায় যে কয়টি ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে তা যেন নির্বিঘ্নে, সুষ্ঠুভাবে ও নিরপেক্ষ ভাবে অনুষ্ঠিত হয় সে ব্যাপারে নির্বাচন কমিশনকে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**খ. ইত্তেফাক** : পোশাক শিল্পসহ কলকারখানা ও বৃহদাকার নির্মাণ কাজের জায়গার নিরাপত্তার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সচেতন হওয়ার আহ্বান।

**গ. জনকণ্ঠ :** সার্ক সাংস্কৃতিক রাজধানী হিসেবে বাংলাদেশের যেকোনো একটি শহর মর্যাদা পেতে যাওয়ায় অভিনন্দন জ্ঞাপন।

**ঘ. সংবাদ:** ভারত সরকার ফেনসিডিল এবং কোরেক্স কফ সিরাপসহ ৩৫০ টি ফিক্সড ডোজ কম্বিনেশন ড্রাগ নিষিদ্ধ করার সিদ্ধান্ত বাংলাদেশের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত উল্লেখ করে এর সুফলবাংলাদেশকে পেতে হলে দেশের অভ্যন্তরে ফেনসিডিল ও মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর অভিযান চালানোর সুপারিশ।

**ঙ. ডেইলি স্টার, ডেইলি সান, নিউএজ, প্রথম আলো, যুগান্তর, যায়যায়দিন :** বনানীর একটিআবাসিক ভবনে গ্যাস দুর্ঘটনার জন্য তিতাস গ্যাসের অসতর্কতা ও দায়িত্বহীনতা দায়ী বলে অভিমত প্রকাশ করে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার পাশাপাশি এ ধরনের গ্যাস দুর্ঘটনার পুনরাবৃত্তি রোধ নিশ্চিত করার সুপারিশ।

**চ. ইন্ডিপেন্ডেন্ট, যুগান্তর :** আফগানিস্তানে অপহৃত ব্রাকের দুই বাংলাদেশি কর্মকর্তাকে অবিলম্বে উদ্ধারের জন্য সর্বাত্মক পদক্ষেপ নেওয়াসহ আফগানিস্তানে নিরাপদ কর্মসংস্থানের বিষয়টি নিশ্চিত করার আহবান।

**ছ. ডেইলি সান :** পুষ্টি সমস্যার সমাধানে ও বৈদেশিক মুদ্রা আহরণে ফলমূলের উৎপাদন বাড়ানো ও সংরক্ষণে ক্ষতিকর রাসায়নিক ব্যবহার না করার প্রত্যাশা।

**জ. নিউজ টুডে :** ঢাকা ওয়াসা বুড়িগঙ্গা ও শীতলক্ষার দূষিত পানি পরিশোধন করে সরবরাহ করায় এ পানি পানে ডায়রিয়া, আমাশয়সহ পানিবাহিত নানা অসুখ দেখা দেওয়ায় কর্তৃপক্ষকে জনস্বার্থে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা নেওয়ার আহবান।

**ঝ. নিউ নেশন :** প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীরা সৃজনশীল শিক্ষা পদ্ধতি যেন সহজেই বুঝতে পারে সেজন্য শিক্ষকদের যথাযথভাবে প্রশিক্ষিত করতে পর্যাপ্ত ট্রেনিংয়ের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে দেশের অতি সাধারণ মানুষ যাতে ডিজিটাল প্রযুক্তি নিরাপত্তার সাথে ব্যবহার করতে পারে তার দিকে নজর দিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'সাইবার দস্যুতা ও জাতীয় নিরাপত্তা'** শিরোনামের নিবন্ধে জাভেদ ইকবাল বাংলাদেশ ব্যাংকের ওপর সাম্প্রতিক আক্রমণ, পররাষ্ট্র মন্ত্রণালয়ে বিদেশি ভাইরাস, বিচারপতির রায়ের খসড়া চুরি এগুলো প্রমাণ করে যে দেশি ও বিদেশি শত্রুরা বাংলাদেশের ক্ষতি করতে প্রস্তুত, এই শত্রুদের বিরুদ্ধে প্রতিরক্ষা গড়ে তোলাই এখন সবচেয়ে জরুরি বিষয় হিসেবে বিবেচনা করা প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা